আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড
(আইসিবি'র একটি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয়, গ্রিন সিটি এজ্ (৫ম ও ৬ষ্ঠ তলা)
৮৯ কাকরাইল, ঢাকা-১০০০।

তারিখ : ২২ পৌষ ১৪৩১ / ০৬ জানুয়ারি ২০২৫

সূত্র নং-১০৬/১০১৯

নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধনী

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর সিনিয়র অফিসার ও অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার পদে নিয়োগের লক্ষ্যে ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে সরকারী নির্দেশনার আলোকে আবেদন ফি ৬০০.০০ (ছয়শত) টাকার পরিবর্তে ২০০.০০ (দুইশত) টাকা নির্ধারণ করা হলো।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ তৌহিদ আহমদ)
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা
অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড
(আইসিবি'র একটি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয়, গ্রিন সিটি এজ্ (৫ম ও ৬ষ্ঠ তলা)
৮৯ কাকরাইল, ঢাকা-১০০০।

তারিখ : ১৫ পৌষ ১৪৩১ / ৩০ ডিসেম্বর ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	পদ সংখ্যা	সর্বোচ্চ বয়সসীমা	প্রয়োজনীয় যোগ্যতা
০১.	সিনিয়র অফিসার	কোম্পানি বেতন স্কেল, ২০১৬ এর টাকা ২২,০০০--৫৩,০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি।	১৮ টি	৩২ বৎসর	**ক)** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা ০৪(চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রী থাকতে হবে। **খ)** অর্থনীতি, হিসাব বিজ্ঞান, ফিন্যান্স, ব্যাংকিং, ব্যবস্থাপনা, মার্কেটিং, পরিসংখ্যান, আইন, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস), ইংরেজি, ফাইন্যান্সিয়াল রিস্ক ম্যানেজমেন্ট, গণিত, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, ইন্টারন্যাশনাল বিজনেস বিষয়ে ডিগ্রীধারীগণ অথবা এমবিএ, এমবিএম, MAFCM ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাবেন। **গ)** শিক্ষা জীবনে একাধিক পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
০২.	অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার	কোম্পানি বেতন স্কেল, ২০১৬ এর টাকা ২২,০০০--৫৩,০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি।	০৫ টি	৩২ বৎসর	ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং /ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। খ) শিক্ষা জীবনে একাধিক পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ) প্রোগ্রামিং সংক্রান্ত স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্টে অবশ্যই উত্তীর্ণ হতে হবে।

০২। সকল পদের জন্য শিক্ষাগত যোগ্যতার মান নির্ধারণী নির্দেশনা-

গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং- শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ

(১) এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণি/বিভাগ
৪.০০ পয়েন্ট স্কেলে	**৫.০০ পয়েন্ট স্কেলে**	
৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ/শ্রেণি
২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় বিভাগ/শ্রেণি

০৩। ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে প্রার্থীর বয়সসীমা নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত বয়সসীমার অধিক হবে না। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৪। আবেদনপত্র দাখিলের শুরুর তারিখ ও সময়ঃ ০৮ জানুয়ারি ২০২৫ তারিখ, সকাল ১০:০০ ঘটিকা এবং আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময়ঃ ৩০ জানুয়ারি ২০২৫ তারিখ, রাত ১১.৫৯ মিনিট।

০৫। Verify Payment এবং Applicant's copy সংগ্রহের শেষ তারিখ ও সময়ঃ ০২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ, রাত ১১.৫৯ ঘটিকা।

০৬। আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত সময়ের মধ্যে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর ওয়েবসাইট www.icml.gov.bd এর নিয়োগ মেনুবারে প্রবেশ করে Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

০৭। আবেদন ফিঃ আবেদনকারীকে ১-২ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য আবেদন ফি বাবদ ৬০০.০০ (ছয়শত) টাকা (অফেরতযোগ্য) ই-পেমেন্ট গেটওয়ে SSLCOMMERZ এর মাধ্যমে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, আবেদন ফি প্রদানে অনলাইন সার্ভিস চার্জ প্রযোজ্য হবে। আবেদনপত্র দাখিলের পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে (সরকারি ছুটির দিনসহ) প্রযোজ্য ফি জমা প্রদান করতে হবে। অন্যথায় আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

০৮। O’ Level A’ Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। প্রত্যেক আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার ভুল তথ্য প্রদান করলে বা কোন তথ্য গোপন করলে কোম্পানিতে নিয়োগপ্রাপ্ত হওয়ার পর অপ্রদর্শিত সার্টিফিকেট পরবর্তীতে গ্রহণযোগ্য হবে না।

০৯। Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ প্রার্থী কর্তৃক অবশ্যই উল্লেখ করতে হবে।

১০। অনলাইনে আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী কোম্পানির ওয়েবসাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রার্থী কর্তৃক Tracking Number ও password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং Online Application Form টি ডাউনলোড করতে হবে।

১১। প্রার্থীগণকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিকট হতে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিলের জন্য এসএমএস বা নোটিশের মাধ্যমে আহবান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাইয়ান্তে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া হবে।

১২। চাকুরিরত প্রার্থীগণ তাঁদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে এবং লিখিত পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় যথাযথ অনাপত্তিসহ ১০ নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৩। আবেদনের সময় প্রদত্ত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মোখিক পরীক্ষার পূর্বে জমা প্রদান করতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে উক্ত স্থায়ী ঠিকানার সনদপত্র দাখিল করতে হবে।

১৪। Online আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীর সদ্য তোলা Formal রঙিন ছবি (300×300) pixel, file size 100 KB ও স্বাক্ষর (300×80) pixel, file size 50 KB মানের ছবি ও স্বাক্ষর স্ক্যান করে upload করতে হবে। ছবি ও স্বাক্ষর এর ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে।

১৫। নিয়োগের ক্ষেত্রে কোম্পানির চাকুরি প্রবিধানমালা এবং প্রচলিত সরকারী বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং এ সংক্রান্তে কোন সংশোধন করা হলে তা অনুসরণ করা হবে।

১৬। অসম্পূর্ণ/ভুল/ত্রুটিপুর্ণ তথ্য সম্বলিত আবেদন কিংবা প্রার্থী কর্তৃক দাখিলকৃত দলিলাদি জাল/মিথ্যা প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন/প্রতারণার আশ্রয় নিলে উক্ত প্রার্থীর সাথে কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে। কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৭। প্রার্থীগণকে MCQ Test এবং/বা লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১৮। নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য সময় সময় কোম্পানির ওয়েবসাইটে (www.icml.gov.bd) প্রকাশ করা হবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল আবেদন বাতিল/পদসংখ্যা বৃদ্ধি/হ্রাস এবং নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার চূড়ান্ত অধিকার সংরক্ষণ করে।

২০। যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ তৌহিদ আহমদ)
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা
অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন